

**2023/FYUG/ODD/SEM/  
BNG1DC-101T/118**

**FYUG Odd Semester Exam., 2023  
( Held in 2024 )**

**BENGALI**

**( 1st Semester )**

**Course No. : BNG1DC-101T**

**( উনিশ শতকের বাংলা সাহিত্য )**

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

**SECTION—A**

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটি প্রশ্নের উত্তর

দাও :

১×২০=২০

**UNIT—I**

১। মধুসূদন দত্ত কোন্ কবির অনুপ্রেরণায় তাঁর চতুর্দশপদী কবিতা  
রচনা শুরু করেন?

২। 'কপোতাক্ষ নদ' কবিতাটি কবি কোথায় রচনা করেন?

- ৩। 'দ্বিগুণ আঁধার ঘর হবে, আমি জানি,  
নিবাও এ দীপ যদি।'  
কোন কবিতার অংশ?
- ৪। 'চতুর্দশপদী' শব্দটির অর্থ কী?
- ৫। 'চতুর্দশপদী' কবিতার প্রথম উদ্ভব কোথায় হয়?

UNIT—II

- ৬। 'বিয়ে পাগলা বুড়ো' প্রথম কবে প্রকাশিত হয়?
- ৭। দীনবন্ধু মিত্রের লেখা প্রথম নাটক কোনটি?
- ৮। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের অঙ্ক কয়টি?
- ৯। 'বিয়ে পাগলা বুড়ো' ছাড়া দীনবন্ধু মিত্র রচিত অন্য একটি প্রহসনের নাম লেখো।
- ১০। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনটি প্রথম কত সালে মঞ্চস্থ হয়?

UNIT—III

- ১১। 'কমলাকান্তের দপ্তর'-এ মোট কয়টি প্রবন্ধ আছে ?
- ১২। 'কমলাকান্তের দপ্তর' প্রথম কত সালে প্রকাশিত হয় ?
- ১৩। 'কমলাকান্তের দপ্তর' কাকে উৎসর্গ করা হয়েছিল ?
- ১৪। 'কমলাকান্তের দপ্তর' কোন্ ধরনের রচনা ?
- ১৫। কোন্ সাময়িকপত্রে 'কমলাকান্তের দপ্তর' প্রকাশিত হয় ?

UNIT—IV

- ১৬। 'গল্পগুচ্ছ'-এর প্রথম সংস্করণ হিসেবে কবে প্রকাশিত সংস্করণকে গণ্য করা হয় ?
- ১৭। 'গল্পগুচ্ছ'-এর অখণ্ড সংস্করণে মোট কয়টি গল্প আছে ?
- ১৮। রবীন্দ্রনাথের লেখা প্রথম ছোটগল্পটির নাম কী ?
- ১৯। 'দেনাপাওনা' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?
- ২০। রতন 'গল্পগুচ্ছ'-এর কোন্ গল্পের চরিত্র ?

UNIT—V

- ২১। রামমোহন রায়ের লেখা প্রথম বাংলা বইটির নাম কী?
- ২২। বঙ্কিমচন্দ্র লিখিত প্রথম উপন্যাসের নাম লেখো।
- ২৩। 'বীরঙ্গনা কাব্য'-এ কয়টি পত্র আছে?
- ২৪। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের লেখা যে কোনো একটি মৌলিক গ্রন্থের নাম লেখো।
- ২৫। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন্ কলেজের অধ্যক্ষ ছিলেন?

SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

UNIT—I

- ২৬। মধুসূদনের 'চতুর্দশপদী কবিতাবলী'তে মোট কতগুলি কবিতা রয়েছে? কত খ্রিস্টাব্দে গ্রন্থটি প্রথম প্রকাশিত হয়?
- ২৭। 'বিজয়া দশমী' কবিতায় বর্ণিত মাতা ও কন্যা কে?

UNIT—II

- ২৮। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের যে কোনো দুটি চরিত্রের নাম লেখো।
- ২৯। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের প্রথম সংলাপ কোন্ চরিত্রের মুখে উচ্চারিত হয়েছে? নাটকটিতে মোট কয়টি অঙ্ক আছে?

UNIT—III

- ৩০। 'কমলাকান্তের দপ্তর'-এর 'বসন্তের কোকিল' প্রথম কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ৩১। 'মনুষ্যফল' প্রবন্ধ কবে প্রকাশিত হয়? আম ফলের সঙ্গে প্রাবন্ধিক কোন্ মানুষদের তুলনা করেছেন?

UNIT—IV

- ৩২। 'ছুটি' গল্পে দুজন কিশোর চরিত্রের নাম লেখো।
- ৩৩। সুভার সম্পূর্ণ নামটি কী? প্রতাপ তাকে কী নামে ডাকতো?

UNIT—V

- ৩৪। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত দুটি অনুবাদ গ্রন্থের নাম লেখো।
- ৩৫। বাংলা মহাকাব্যধারার দুজন কবির নাম উল্লেখ করো।

SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের

উত্তর দাও :

৮×৫=৪০

UNIT—I

- ৩৬। 'কুন্তিবাস' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।
- ৩৭। 'কপোতাক্ষ নদ' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

UNIT—II

- ৩৮। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনে সমাজের যে অবক্ষয় দেখানো হয়েছে তা আলোচনা করো।
- ৩৯। প্রহসন হিসেবে 'বিয়ে পাগলা বুড়ো'-র সার্থকতা আলোচনা করো।

UNIT—III

- ৪০। রম্যরচনা হিসেবে 'কমলাকান্তের দপুর' গ্রন্থটিকে পর্যালোচনা করো।
- ৪১। 'বিড়াল' প্রবন্ধের মূল ভাব তোমার নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

UNIT—IV

- ৪২। 'দেনাপাওনা' গল্পে পণপ্রথার যে চিত্র উপস্থাপিত হয়েছে তা আলোচনা করো।
- ৪৩। 'পোস্টমাস্টার' গল্পের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

UNIT—V

- ৪৪। বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।
- ৪৫। ঔপন্যাসিক হিসাবে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

\*\*\*